

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.১০৮.২৩ নথির বিষয়: Changing of DOFC & LA complete set with proper wiring at different pump station under MODS zone 4 & 10 DWASA.
নোট: ১ নোটের বিষয়: Changing of DOFC & LA complete set with proper wiring at different pump station under MODS zone 4 & 10 DWASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৯/৮/২৩ ৭:৩২ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক গুলো দয়া করে দেখা যেতে পারে। মডস সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজ এফ.এম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। প্রতিটি পাম্পে একটি ১১/০.৪১৫ কেভি বৈদ্যুতিক সাব-স্টেশন আছে। উক্ত সাবস্টেশন সমূহের গুরুত্বপূর্ণ Equipment হল ড্রপ আউট ফিউজ এবং লাইটনিং এ্যারেস্টার। ড্রপ আউট ফিউজ প্রটেকটিভ ডিভাইস হিসেবে সাবস্টেশনের ইনকামিং এ ব্যবহার করা হয়। কোন কারণে ওভার হেড ডিস্ট্রিবিউশন লাইনে কিংবা ট্রান্সফরমার, ডিএফডি প্যানেল, মোটর ওয়াইন্ডিং, এলটি ক্যাবল, এইচটি ক্যাবল এ ফল্ট সংঘটিত হলে ড্রপ আউট ফিউজের ফিউজ এলিমেন্ট গলে হাইভোল্টেজ ডিস্ট্রিবিউশন লাইন হতে সাবস্টেশনকে Disconnect করে দেয়। অনুরূপভাবে লাইটনিং এ্যারেস্টারও একটি প্রটেকটিভ ডিভাইস যা ড্রপ আউট ফিউজকে প্রটেকশন দেয়ার জন্য উহার প্যারাললে ব্যবহার করা হয়। আকাশে বজ্রপাত সংঘটিত হলে ওভারহেড ডিস্ট্রিবিউশন লাইনে ভোল্টেজের পরিমাণ অনেকগুণ বেড়ে যায়, যা সার্জ ভোল্টেজ নামে পরিচিত। এই অতিরিক্ত ভোল্টেজকে Ground করার জন্যই মূলত লাইটনিং এ্যারেস্টার ব্যবহার করা হয়। যেহেতু ড্রপ আউট ফিউজ এবং লাইটনিং এ্যারেস্টার খোলা আকাশের নিচে থাকে সেহেতু আর্দ্র আবহাওয়া জনিত কারণে উহার মেটাল অংশে মরিচা ধরে কার্যকারিতা নষ্ট করে ফেলে। ফলে ওভার হেড লাইনে ঘন ঘন ফল্ট সংঘটিত হয়। উল্লেখ্য Overhead Trouble shooting DPDC/DESCO করে থাকে। স্বাভাবিক ভাবেই একেজো ড্রপ আউট জনিত কারণে DPDC/DESCO কর্তৃপক্ষ বিদ্যুৎ পুনঃসংযোগ দিতে বিলম্ব করে। ফলে সংশ্লিষ্ট এলাকায় দীর্ঘ সময় পাম্প বন্ধ থাকে এবং এলাকায় পানির সংকট সৃষ্টি হয়। এ কারণে একেজো ড্রপ আউট এবং লাইটনিং এ্যারেস্টার সমূহ একটি নির্দিষ্ট সময় পর পর পরিবর্তনের প্রয়োজন হয়। সে লক্ষ্যে (বিবেচ্য সংযুক্তি: মডস জোন-৪ ও মডস জোন -১০ হতে প্রাপ্ত চাহিদা পত্র, সদয় দ্রষ্টব্য) মাধ্যমে প্রাপ্ত তালিকা প্রেক্ষিতে সার্ভে করে (বিবেচ্য সংযুক্তি: সার্ভে রিপোর্ট, সদয় দ্রষ্টব্য), সে মোতাবেক ২৫ টি বিভিন্ন পাম্প স্টেশনের জ্বলা/এইচটি ফল্ট ঘটে বিকল হওয়া ড্রপ আউট ফিউজ এবং লাইটনিং এ্যারেস্টার পরিবর্তন ও প্রতিস্থাপন কাজে (বিবেচ্য সংযুক্তি: ঢাকা ওয়াসা ও পিডব্লিউডি রেন্ট সিভিল দরের কপি, সদয় দ্রষ্টব্য) ভিত্তিতে (বিবেচ্য সংযুক্তি: কারিগরি প্রতিবেদন, সদয় দ্রষ্টব্য) মোতাবেক (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রাক্কলন, সদয় দ্রষ্টব্য) উপস্থাপন করা হ'ল, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে =৪,৯৮,৪৩০.৭৮০/- (চার লক্ষ আটানব্বই হাজার চারশত ত্রিশ দশমিক সাত আট শুন্য) টাকা মাত্র। আলোচ্য কাজটি (বিবেচ্য সংযুক্তি: এফ.এম বিভাগ-২ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বাৎসরিক ক্রয়-পরিকল্পনার, সদয় দ্রষ্টব্য) ক্রমিক নং-৩৮, পিডব্লিউ-৩২ এ অন্তর্ভুক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৬):

- ১। এফ.এম বিভাগ-২ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বাৎসরিক ক্রয়-পরিকল্পনার কপি.
- ২। মডস জোন-৪ ও মডস জোন -১০ হতে প্রাপ্ত চাহিদা পত্র.
- ৩। সার্ভে রিপোর্ট.
- ৪। ঢাকা ওয়াসা ও পিডব্লিউডি রেন্ট সিভিল দরের কপি.
- ৫। কারিগরি প্রতিবেদন.
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৯/৮/২৩ ৭:৩২ অপরাহ্ন


আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র (LTM-eGP) পদ্ধতিতে আহবান করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৯/৮/২৩ ৭:৩৫ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Changing of DOFC & LA complete set with proper wiring at different pump station under MODS zone 4 & 10 DWASA কাজে উপস্থাপিত =৪,৯৮,৪৩০.৭৮০/- (চার লক্ষ আটানব্বই হাজার চারশত ত্রিশ দশমিক সাত আট শুন্য) টাকা মাত্র, টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র (LTM-eGP) পদ্ধতিতে আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।



৯/৮/২৩ ৮:১৯ অপরাহ্ন
মোহাম্মদ শাহাদাত হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



৯/৮/২৩ ৮:২৫ অপরাহ্ন
আব্দুল্লাহ-আস-সাদ্দ
সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



৯/৮/২৩ ৯:২৮ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



১০/৮/২৩ ৮:২৬ অপরাহ্ন
মোঃ আর লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

১০/৮/২৩ ৪:২৬ অপরাহ্ন


মোঃ কামরুল হাসান

প্রধান প্রকৌশলী

প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১১/৮/২৩ ১০:৩১ অপরাহ্ন

অনুমোদিত

১১/৮/২৩ ১০:৩২ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)১১/৮/২৩ ১১:৫৬ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মেন
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২১২/৮/২৩ ১০:০০ অপরাহ্ন
আব্দুল্লাহ-আস-সাদ্দিন
সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২১২/৮/২৩ ১০:৫৩ অপরাহ্ন
মোহাম্মদ শাহাদাত হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২